রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ২৪, ২০২৫**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**সংশোধিত বিজ্ঞপ্তি**

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

নং **১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৯২১**।—সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর-১৫৭৯২/২০২৫ ও ১৫৪১০/২০২৫ এবং ১৫৬১৪/২০২৫ এর Lawyer's Certificate অনুযায়ী জাতীয় সংসদের নির্বাচনি এলাকার সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত নির্বাচন কমিশন সচিবালয় হইতে ১৭.০০.০০০০.০২৫.২২.০৯০.২৪-৮৭৫ নম্বর স্মারকমূলে ১১ ডিসেম্বর ২০২৫ / ২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে জারীকৃত এবং ডিসেম্বর ১১, ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হইল :

"গেজেটের ১৩২৮৩ নং পৃষ্ঠার ৬৮ পাবনা-১ আসনের ২নং কলামে উল্লিখিত 'সাঁথিয়া উপজেলা' **এর পরিবর্তে** '(ক) সাঁথিয়া উপজেলা এবং (খ) বেড়া উপজেলার নিম্নলিখিত এলাকাসমূহ: (১) বেড়া পৌরসভা (২) হাটুরিয়া নাকালিয়া ইউনিয়ন (৩) নতুন ভারেঙ্গা ইউনিয়ন (৪) চাকলা ইউনিয়ন ও (৫) কৈটোলা ইউনিয়ন' সংখ্যা ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

"গেজেটের ১৩২৮৩ নং পৃষ্ঠার ৬৯ পাবনা-২ আসনের ২নং কলামে উল্লিখিত '(ক) সুজানগর উপজেলা এবং (খ) বেড়া উপজেলা' **এর পরিবর্তে** (ক) সুজানগর উপজেলা এবং (খ) নিম্নলিখিত এলাকাসমূহ ব্যতীত বেড়া উপজেলা: (১) বেড়া পৌরসভা (২) হাটুরিয়া নাকালিয়া ইউনিয়ন (৩) নতুন ভারেঙ্গা ইউনিয়ন (৪) চাকলা ইউনিয়ন ও (৫) কৈটোলা ইউনিয়ন' সংখ্যা ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

"গেজেটের ১৩২৯৩ নং পৃষ্ঠার ২১২ ফরিদপুর-২ আসনের ২নং কলামে উল্লিখিত '(ক) নগরকান্দা উপজেলা (খ) সালথা উপজেলা এবং (গ) ভাঙ্গা উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:- (১) আলগী ও (২) হামিরদী ইউনিয়ন' **সংখ্যা ও শব্দসমূহের পরিবর্তে** '(ক) নগরকান্দা উপজেলা এবং (খ) সালথা উপজেলা' শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

"গেজেটের ১৩২৯৩ নং পৃষ্ঠার ২১৪ ফরিদপুর-৪ আসনের ২নং কলামে উল্লিখিত '(ক) নিম্নলিখিত ইউনিয়নসমূহ ব্যতীত ভাঙ্গা উপজেলা:- (১) আলগী ও (২) হামিরদী ইউনিয়ন (খ) চরভদ্রাসন উপজেলা এবং (গ) সদরপুর উপজেলা' **সংখ্যা ও শব্দসমূহের পরিবর্তে** '(ক) ভাঙ্গা উপজেলা (খ) চরভদ্রাসন উপজেলা এবং (গ) সদরপুর উপজেলা' শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।"

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd